# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 28.04.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) লোকসভা নির্বাচনের পরবর্তী পর্যায়ের জন্য রাজ্যে নির্বাচনী প্রচার জমে উঠেছে।

বিজেপি-র সর্ব ভারতীয় সভাপতি জে পি নাড্ডা আজ দলীয় প্রার্থীর সমর্থনে মুর্শিদাবাদ ও নদীয়ায় জনসভায় দুর্নীতি ইস্যুতে তৃণমূল কংগ্রেসকে নিশানা করেন।

২) তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মালদার দুটি জনসভায় আবারও এস এস সি-র চাকরি বাতিল নিয়ে সরব হন।

৩) লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফার জন্য আগামীকাল বিজ্ঞপ্তি প্রকাশের সঙ্গে সঙ্গে শুরু হবে মনোয়নপত্র জমা নেওয়ার কাজ।

৪) সুপ্রিম কোর্টে প্রধান বিচারপতির এজলাসে আগামীকাল স্কুল সার্ভিস কমিশনের চাকরি বাতিল সংক্রান্ত মামলার শুনানি হবে।

৫) তীব্র তাপপ্রবাহের সঙ্গে অস্বস্তিকর গরমে আজও কলকাতা সহ দক্ষিণবঙ্গের মানুষ নাজেহাল। দোসরা মে পর্যন্ত দক্ষিণবঙ্গের জেলাগুলিতে প্রধানত শুষ্ক আবহাওয়া বজায় থাকবে, সঙ্গে চলবে তাপপ্রবাহ।

৬) যুবভারতী ক্রীড়াঙ্গণে আই এস এল-এর সেমিফাইনালের দ্বিতীয় পর্বের ম্যাচে মহোনবাগান সুপার জায়েন্ট, ওড়িশা এফ সি-র মুখোমুখি হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা নির্বাচনের পরবর্তী পর্যায়গুলির জন্য রাজ্যে নির্বাচনী প্রচার জমে উঠেছে। বিভিন্ন রাজনৈতিক দলের তারকা প্রচারক ও শীর্ষ নেতারা বিভিন্ন জেলায় জনসভা, রোড শো-এ আজ অংশ নেন।

বিজেপি সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা আজ নদীয়ার বগুলায় দলীয় প্রার্থীর সমর্থনে এক জনসভায় যোগ দেন। দুর্নীতি ইস্যুতে তৃনমূল কংগ্রেস সরকারকে নিশানা করে তিনি বলেন, কেন্দ্রীয় সরকারের বিভিন্ন জনমুখী প্রকল্পের নাম বদল করে বাংলার নামে চালানো হয়েছে। গরীব মানুষের জমি দখল করে নিজেদের স্বার্থ সিদ্ধি করেছে এই দল। তৃতীয়বারের জন্য এন ডি এ সরকার গঠন করতে দলীয় প্রার্থীকে বিপুল ভোটে জয়ী করার আহ্বান জানান তিনি।

(বাইট - নাড্ডা)

এর আগে শ্রী নাড্ডা আজ মুর্শিদাবাদের বড়য়ার জালিবাগান মাঠে বহরমপুর লোকসভা কেন্দ্রের দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করেন। দুর্নীতি থেকে সন্দেশখালি, কেন্দ্রীয় প্রকল্পে বাধা থেকে কাটমানি ইস্যুতে রাজ্য সরকারকে তীব্র আক্রমণ করেন এই প্রবীণ নেতা।

(বাইট - নাড্ডা)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

তৃনমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ মালদার কালিয়াচকের সুজাপুর এবং হবিবপুরে দলীয় প্রার্থীদের সমর্থনে দুটি

জনসভাতেই আবারও এস এস সি-র চাকরি বাতিল ইস্যু নিয়ে সরব হন। প্রথমে সুজাপুরের কৃষক বাজার মাঠে নির্বাচনী জনসভায় বিজেপি, কংগ্রেস ও সিপিআইএমকে এক বন্ধনীতে রেখে তীব্র কটাক্ষ করে তিনি বলেন, এখানে এরা আসন ভাগাভাগির খেলায় মেতেছে।

স্কুল সার্ভিস কমিশনে প্রায় ২৬ হাজার চাকরিহারার পাশে তাঁরা আছেন বলে এদিনও জানান মুখ্যমন্ত্রী। এরাজ্যে কোনোভাবেই এনআরসি-সিএএ কার্যকর হতে দেবেন না বলেও স্পষ্ট জানিয়ে দেন তিনি।

(বাইট – মমতা - সুজাপুর )

এরপর হবিবপুরের সভায় মুখ্যমন্ত্রী বলেন, বাংলার বাড়ি তৈরিতে কেন্দ্রীয় সরকার কোন টাকা দেয়নি। তাদের সরকারই গরীব মানুষের মাথার ছাদের ব্যবস্থা করবে।

( বাইট – মমতা হবিবপুর)

ooooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ দক্ষিণ ২৪ পরগনার ডায়মন্ড হারবারে মুচিসা ফুটবল মাঠে এক নির্বাচনী জনসভায় তিনি বলেন, তৃণমূল কংগ্রেস সরকার থাকাকালীন কোন মতেই লক্ষ্মীরভান্ডার বন্ধ হবে না। বিজেপি নেতারা প্রচারে এসে এনিয়ে বিভ্রান্তি তৈরি করছে বলে তাঁর অভিযোগ।

(বাইট – অভিষেক)

তিনি চান, বিজেপি-র কোন সর্ব ভারতীয় নেতা তাঁর বিরুদ্ধে প্রার্থী হোন, তাহলেই এখানকার সাধারণ মানুষের ক্ষমতা বোঝা যাবে। এই কেন্দ্রে প্রার্থী খুঁজতে বিজেপি-র দেড় মাস লাগলো বলেও কটাক্ষ করেন তিনি। গত

১০ বছরে এই কেন্দ্রের জন্য খরচ করা হয়েছে ৫ হাজার ৮৮০ কোটি টাকা, কেন্দ্র এই ১০ বছরে ১০ পয়সা দেয়নি বলেও তাঁর অভিযোগ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রবিবাসরীয় প্রচারে আজ জমজমাট ছিল আসানসোল লোকসভা কেন্দ্র। এই কেন্দ্রের বিজেপি প্রার্থীর সমর্থনে আজ রোডশো করেন দলের ন্যাশনাল এক্সিকিউটিভ সদস্য অভিনেতা মিঠুন চক্রবর্তী। এস বি গড়াই রোডের বুধা ময়দান থেকে তার রোডশো শুরু হয়ে শেষ হয় মহিশীলা এলাকায়। প্রচন্ড রোদ উপেক্ষা করে অভিনেতাকে দেখতে উৎসাহী মানুষের ভীড় ছিল চোখে পড়ার মতো। তবে, রোডশো-র শেষ হওয়ার মুখে মিঠুন হুডখোলা গাড়ি ছেড়ে অন্য একটি গাড়িতে চলে গেলে অপেক্ষারত মানুষ ক্ষোভে ফেটে পড়েন। বিজেপি কর্মীদের সঙ্গে শুরু হয় ধস্তাধস্তি।

অন্যদিকে, সালানপুরে তৃণমূল প্রার্থীর হয়ে প্রচার করেন আসানসোলের প্রাক্তন সাংসদ , রাজ্য মন্ত্রিসভার সদস্য বাবুল সুপ্রিয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দমদম লোকসভা কেন্দ্রের সিপিআইএম প্রার্থী সুজন চক্রবর্তী এখন আড়িয়াদহে প্রচার করছেন। হুড খোলা গাড়িতে চেপে বেলঘরিয়ার বাদামতলা থেকে মিছিল করে আড়িয়াদহে এসেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফার জন্য আগামীকাল বিজ্ঞপ্তি প্রকাশিত হবে । এই দফায় ছটি রাজ্য এবং একটি কেন্দ্রশাসিত অঞ্চলের মোট ৫৭ টি

আসনে ২৫ শে মে ভোট গ্রহণ।  মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৬-ই মে। পরদিন সেগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রত্যাহারের শেষ দিন ৯-ই মে।

এই পর্বে এরাজ্যের তমলুক, কাঁথি, ঘাটাল, ঝাড়গ্রাম, মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া ও বিষ্ণুপুর – এই আটটি কেন্দ্রে ভোট নেওয়া হবে।

oooooooooooooooooooo

লোকসভা নির্বাচনে বিভিন্ন বিষয়ে ভোটারদের আরও সচেতন করতে নির্বাচন কমিশন উদ্যোগী হয়েছে। এই উপলক্ষে উত্তর কলকাতা জেলা নির্বাচনী আধিকারিকের উদ্যোগে আগামীকাল ধর্মতলা ট্রাম ডিপোয় সুসজ্জিত একটি নির্বাচনী ট্রাম এর উদ্বোধন করবেন মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব।  কলকাতা পুলিশ কমিশনার বিনীত গোয়েলও উপস্থিত থাকবেন।

৫ই মে পর্যন্ত প্রতিদিন দুই পর্বে ধর্মতলা - শ্যামবাজার রুটে চলমান এই ট্রামে নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয় প্রদর্শিত হবে।

ooooooooooooooooooooooo

সুপ্রিম কোর্টে প্রধান বিচারপতির এজলাসে আগামীকাল স্কুল সার্ভিস কমিশনের চাকরি বাতিল সংক্রান্ত মামলার শুনানি হবে। গত সোমবার কলকাতা হাইকোর্ট এস এস সি-তে ২৫ হাজার ৭৫৩ জনের চাকরি বাতিলের নির্দেশ দিয়েছিল। তাঁকে চ্যালেঞ্জ করে শীর্ষ আদালতের দ্বারস্থ হয় রাজ্যের শিক্ষা দফতর, স্কুল সার্ভিস কমিশন এবং মধ্য শিক্ষা দফতর। প্রধানবিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জে বি পার্দিওয়ালা এবং বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চে আগামীকাল এই মামলার শুনানি হবে।

উল্লেখ্য, গত সোমবার কলকাতা হাইকোর্টের বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি মহম্মদ সব্বর রসিদির ডিভিশন বেঞ্চ ২০১৬ সালের এস এস সি নিয়োগের সম্পূর্ণ প্রক্রিয়া বাতিল করে দেন। এরফলে চাকরি হারান ২৫ হাজার ৭৫৩ জন। একই সঙ্গে বে-আইনীভাবে নিযুক্তদের বেতন ফেরত দেওয়ার নির্দেশ দেওয়া হয় ১২ শতাংশ সুদ সহ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আদালতের নির্দেশে চাকরি হারানো শিক্ষক ও শিক্ষা কর্মীদের পাশে দাঁড়িয়েছে সরকারী কর্মচারীদের সংগঠন, পশ্চিমবঙ্গ রাজ্য সরকারী কর্মচারী ফেডারেশন। মেদিনীপুরে আজ সংগঠনের চেয়ারম্যান, রাজ্যের মন্ত্রী ডক্টর মানস ভুঁইয়া এবং এর কনভেনার প্রতাপ নায়েক যৌথ সাংবাদিক বৈঠকে এই সিদ্ধান্তের কথা জানান মানসবাবু বলেন, আদালতের রায় নিয়ে তাদের কিছু বলার নেই। নির্বাচনের পর যোগ্য শিক্ষক ও শিক্ষা কর্মীদের পাশে থেকে লড়াইয়ের বার্তা দেন তিনি।

(বাইট – মানস)

০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগণার হাসনাবাদে বাড়িতে বোমা বিস্ফোরণের ঘটনায় ধৃত বিজেপি নেতা দিলীপ দাসকে আজ বসিরহাট আদালতে তোলা হলে দুদিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছেন বিচারক। রাতভর জিজ্ঞাসাবাদের পর আজ ভোরে তাঁকে গ্রেপ্তার করা হয়। প্রাথমিক তদন্তের পর পুলিশ জানিয়েছে ঐ বাড়িতে সকেট বোমা ফেটেছিল।

এদিকে, গআজ ঘটনাস্থলে যান বসিরহাট লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী রেখা পাত্র। তাঁর অভিযোগ তৃনমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতিরা দিলীপ দাসকে প্রানে মেরে ফেলার চক্রান্ত করেছিল।

অন্যদিকে, মুর্শিদাবাদের রেজিনগরে আজ ভোরে ভয়াবহ বিস্ফোরণে গোটা এলাকা কেপে ওঠে। একটি বাড়ির মধ্যে ফাঁকা উঠোনে এই বিস্ফোরণ হয়। গ্রামবাসীরা আতঙ্কিত হয়ে রেজিনগর থানার পুলিশকে খবর দিলেও তারা তখনই সেখানে যায়নি বলে স্থানীয়দের অভিযোগ। দুপুরের পর পুলিশ ঘটনাস্থলে গিয়ে নমুনা সংগ্রহ করে। ওই বাড়ির পুরুষ সদস্যরা পলাতক।

লোকসভা নির্বাচনের আবহে গত ১৫ দিনের মধ্যে এই এলাকাতে তিনবার বোমা বিস্ফোরণের ঘটনায় পুলিশ প্রশাসনের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছে।

oooooooooooooooooooooo

তৃণমূলের গোষ্ঠী কন্দোলের জেরে বাগুইআটির অর্জুনপুরের পশ্চিমপাড়া এলাকায় সঞ্জীব দাস নামে এক তৃণমূল কর্মীর মৃত্যুর ঘটনায় পুলিশ ১৩ জনকে গ্রেফতার করেছে। এরা সকলেই স্থানীয় তৃণমূল কংগ্রেস কর্মী বলে পুলিশ জানিয়েছে। আগেই জানানো হয়েছে, গতকাল এলাকায় শাসক দলের গোষ্ঠী সংঘর্ষে শুরু হয় ইট বৃষ্টি। পুলিশ পৌঁছলে পরিস্থিতি কিছুটা শান্ত হয়। তবে, পুলিশ এলাকা ছাড়া মাত্রই বিদ্যুৎ বিচ্ছিন্ন করে আবারও শুরু হয় গন্ডগোল। সঞ্জীব দাস নামে এক তৃণমূল কর্মীকে রাস্তায় ফেলে রড-লাঠি-ইট দিয়ে আঘাত করা হয় বলে অভিযোগ। রক্তাক্ত অবস্থায় তাঁকে আর্জিকর

হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। পরিস্থিতি সামলাতে নামানো হয় রাফ।

এই ঘটনায় সি পি আই এম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী, দলমত নির্বিশেষে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

(বাইট – সুজন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

তীব্র তাপপ্রবাহের সঙ্গে অস্বস্তিকর গরমে আজও কলকাতা সহ দক্ষিণবঙ্গের মানুষ নাজেহাল। কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৪১ দশমিক ৩ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে যা ৬ ডিগ্রী বেশি। সর্বনিম্ন তাপমাত্রাও ছিল স্বাভাবিকের তিন ডিগ্রী ওপরে, ২৯ দশমিক ৫ ডিগ্রী সেলসিয়াস। একটু বেলা বাড়তেই রাস্তাঘাট শুনসান হয়ে পড়ছে।

তবে, আজ উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি ও কালিম্পং-এর পাশাপাশি গাঙ্গেয় পশ্চিমবঙ্গের, দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া ও বাঁকুড়াতে বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী দোসরা মে পর্যন্ত দক্ষিণবঙ্গের জেলাগুলিতে প্রধানত শুষ্ক আবহাওয়া বজায় থাকবে, সঙ্গে চলবে তাপপ্রবাহ।

পয়লা মে পর্যন্ত বাঁকুড়া, ঝাড়গ্রাম, বীরভূম, দুই মেদিনীপুর ও দুই বর্ধমানে তীব্র তাপপ্রবাহের লাল সতর্কতা জারি থাকছে।

কমলা সতর্কতা জারি থাকবে উত্তর ২৪ পরগনা জেলার বিভিন্ন এলাকায়। বাকি জেলাগুলিতেও তাপপ্রবাহের পূর্বাভাষ দেওয়া হয়েছে।

এদিকে, আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, উত্তর বঙ্গোপোসাগরে ওপর একটি উচ্চচাপ বলয় সৃষ্টি হওয়ায় আগামী ৩০-শে এপ্রিল থেকে দোসরা মে

পর্যন্ত ঘণ্টায় ৪৫ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে। এই সময় মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo